



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
সীতাকুন্ড, চট্টগ্রাম  
doict.sitakunda.chittagong.gov.bd

## বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর আওতায় বেকার যুবক/যুবতীদের কর্মসংস্থানের নিমিত্ত সীতাকুন্ড উপজেলায় ১৫দিন ব্যাপী মোট ৪৫ ঘন্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ এবং তথ্য প্রযুক্তি জ্ঞানসম্পূর্ণ প্রশিক্ষণার্থীদের নির্ধারিত ফরমে আগামী ৩১ মে, ২০২৩ খ্রিঃ তারিখ এর মধ্যে আবেদন উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস, সীতাকুন্ড, চট্টগ্রাম বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**কোর্সের নাম:** ডিজিটাল মার্কেটিং

**প্রশিক্ষার্থীর যোগ্যতা:**

- ১। ১৮-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২। এম এস ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর, ইন্টারনেট ও কম্পিউটার পরিচালনায় দক্ষ।
- ৩। ইতোমধ্যে যারা বিভিন্ন মার্কেটপ্লেসে কাজ করছে তারাও উক্ত প্রশিক্ষণে আবেদন করতে পারবে।
- ৪। প্রার্থীর নিজস্ব ল্যাপটপ থাকতে হবে।
- ৫। ফ্রিল্যান্সিং এর মাধ্যমে ক্যারিয়ার গঠনে আগ্রহী এবং মনোযোগী হতে হবে।

- প্রশিক্ষণার্থীদের দক্ষ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে বিভিন্ন প্ল্যাটফর্মে কাজ করার সুযোগ থাকবে।
- সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।
- সরকারী ফ্রিল্যান্সিং ডাটাবেজে যুক্ত করা হবে, যাতে করে পরবর্তীতে আওতাভুক্ত ফ্রিল্যান্সাররা বিভিন্ন সুযোগ সুবিধা পাবে।

- ❖ আবেদনকৃত প্রশিক্ষণার্থীদের নির্ধারিত তারিখ ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ❖ পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে উপজেলা ওয়েব পোর্টাল ও আইসিটি অধিদপ্তরের উপজেলা পোর্টালে জানিয়ে দেয়া হবে।
- ❖ পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে বিনামূল্যে এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে।
- ❖ প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের জন্য দৈনিক কোনো সম্মানী/ যাতায়াত ভাতার ব্যবস্থা থাকবে না।
- ❖ প্রশিক্ষণ শেষে সর্বোচ্চ উপার্জনকারীদের জেলা পর্যায়ে এবং জাতীয় পর্যায়ে পুরস্কারের জন্য প্রেরণ করা হবে।

বিস্তারিত জানতে ভিজিট করুনঃ

<https://sitakunda.chittagong.gov.bd/> এবং <https://doict.sitakunda.chittagong.gov.bd/>

১৭/০৫/২৩

আব্দুর রহিম

সহকারী প্রোগ্রামার

সীতাকুন্ড, চট্টগ্রাম

০১৭১১ ১৫২৪১৪

rahim.c4d@gmail.com